



মুক্তি পেল 'রে'এর ট্রেলার (ছবি সৌজন্যে ইউটিউব)

সত্যজিৎ রায়ের ৪টি ছোটগল্প অবলম্বনে ওয়েব সিরিজ 'রে', মুক্তি পেল ট্রেলার!

Updated: 08 Jun 2021, 01:28 PM IST

লেখক Priyanka Bose

- সত্যজিৎ রায়ের চারটি ছোট গল্প অবলম্বনে এই অ্যান্‌থোলজি ছবি। আগামী ২৫ জুন ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সে মুক্তি পাবে ছবি।

প্রতীক্ষার অবসান ঘটিয়ে নেটফ্লিক্সে মুক্তি পেল 'রে'এর ট্রেলার। সত্যজিৎ রায়ের ছোটগল্প নিয়ে তৈরি হবে অ্যান্‌থোলজি সিরিজ 'রে'। পরিচালনার দায়িত্বে রয়েছেন অভিষেক চৌবে, সৃজিত মুখোপাধ্যায় এবং ভাষাণ বাল। আগামী ২৫ জুন ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সে মুক্তির পাবে এই ছবি।

নেটফ্লিক্সে রে'কে 'সত্যজিৎ রায়ের দূরদর্শী লেখায় আবদ্ধ প্রেম, লালসা, বিশ্বাসঘাতকতা এবং সত্যের চারটি গল্প' হিসাবে বর্ণনা করেছে। সত্যজিৎ রায়ের চারটি ছোট গল্প অবলম্বনে এই অ্যান্‌থোলজি ছবি। ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন অভিনেতা মনোজ বাজপেয়ী, আলী ফজল, হর্ষবর্ধন কাপুর, কে কে মেনন,

রাধিকা মদন, গজরাও রাও, শ্বেতা বসু প্রসাদ, অনিন্দিতা বোস, বিদিতা বাগ, দিব্যেন্দু ভট্টাচার্য, হর্ষবর্ধন কাপুর, চন্দন রায় সান্যাল, আকাঙ্খা রঞ্জন কাপুর প্রমুখ।

চারটি অনন্য ব্যক্তি তাদের নিজ ক্ষেত্রে দুর্দান্ত কিছু অর্জন করতে চলেছেন। টেলারের প্রতিটা পরতে পরতে রয়েছে রহস্য এবং রোমাঞ্চের ছোঁয়া। দেখুন 'রে'এর টেলার-

https://youtu.be/P0P_Sfju0-Q

প্রথম পর্বের নাম 'হাঙ্গামা হ্যায় কিউ বরপা'। মুসাফির আলি, 'গোপন অতীতের জনপ্রিয় গজল গায়িকা' এবং 'একজন কুস্তিগীর-ক্রীড়াবিদ সাংবাদিকে পরিণত হওয়ার গল্প' নিয়ে তৈরি। একসঙ্গে ট্রেনে যাত্রা করার সময় তাঁদের পরিচয় হয়। পর্বটি পরিচালনা করেছেন অভিশেক চৌবে এবং অভিনয় করেছেন মনোজ বাজপেয়ী ও গজরাজ রাও।

দ্বিতীয় পর্ব সৃজিত মুখোপাধ্যায় পরিচালিত, নাম 'ফরগেট মি নট'। ইন্সপিরেটর থ্রিলার ঘিরে গল্প। একজন 'কাটারথ্রোট কর্পোরেট হান্সর' যার রিয়া নামের এক মহিলার সঙ্গে পরিচয় হয়। এই পর্বে অভিনয় করেছেন আলী ফজল ও শ্বেতা বসু প্রসাদ।

তৃতীয় পর্বেরও পরিচালনার দায়িত্বে পরিচালক সৃজিত মুখোপাধ্যায়। নাম 'বহরুপী'। অভিনয়ে কেকে মেনন এবং বিদিতা বাগ। এটা ইন্ড্রাশীষ শাহ নামে এক মেক আপ আর্টিস্টের জীবনের গল্প ঘিরে। যে নিজের অপছন্দের প্রফেশনে আটকে আছে। ব্যর্থ সম্পর্কে এবং ঘোরালো জীবনে আটকে সে।

চতুর্থ পর্বের গল্পে অভিনয়ে হর্ষবর্ধন কাপুর। পরিচালনায় ভাষণ বালা। এটি এমন এক টাইপকাস্ট অভিনেতার গল্প যে 'ওয়ান-লুক ভিক' হিসাবে নিজের ভাবমূর্তি ভেঙে ফেলার লক্ষ্য নিয়েছেন। পর্বটির নাম 'স্পটলাইট'।

Reference:

<https://bangla.hindustantimes.com/entertainment/web-series-ray-based-on-4-short-stories-by-satyajit-ray-trailer-released-31623138052791.html>